

REGIONAL NEWS UNIT  
ALL INDIA RADIO, AGARTALA

Date: 24-01-2026

Time: 07:55-08:05 PM Hrs

BENGALI EVENING BULLETIN

---

**Headlines :**

(১) মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা বলেছেন ভি বি জি রাম জি আইন ২০৪৭ সালের মধ্যে বিকশিত ভারত ও বিকশিত ত্রিপুরা গঠনের ক্ষেত্রে একটি ঐতিহাসিক পদক্ষেপ।

(২) ডোনার মন্ত্রী জ্যোতিরাদিত্য সিঙ্কিয়া আজ ধর্মনগরের বড়গোল গ্রামে আশি কোটি টাকার আগর প্রক্রিয়াকরণ প্রকল্পের শিলান্যাস করেন।

(৩) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ রোজগার মেলার মাধ্যমে ৬১ হাজারেরও বেশি নিয়োগপত্র বিতরণ করেছেন।

(৪) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামীকাল সকাল ১১টায় আকাশবাণীর ‘মন-কি-বাত’ অনুষ্ঠানে দেশ-বিদেশের জনগনের সঙ্গে মতবিনিময় করবেন।

\*\*\*\*\*

**VB G RAM G- CM:**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা বলেছেন ভি বি জি রাম জি আইন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর ২০৪৭ সালে বিকশিত ভারত ও বিকশিত ত্রিপুরা গঠনের ক্ষেত্রে একটি ঐতিহাসিক পদক্ষেপ। আজ আগরতলায় প্রদেশ বিজেপি কার্যালয়ে প্রদেশ বিজেপি কর্মী সমর্থকদের নিয়ে আয়োজিত এক কর্মশালায় তিনি একথা বলেন। তিনি বলেন, বিকশিত ভারত-গ্যারান্টি ফর রোজগার অ্যান্ড আজীবিকা মিশন (গ্রামীণ) বা ডিবি জি রামজি MGNREGA গ্রামীণ কর্মসংস্থান প্রকল্পের একটি উল্লেখযোগ্য সংস্কার এবং প্রতিস্থাপন। যার লক্ষ্য ১২৫ দিনের কাজের নিশ্চয়তা, পরিকাঠামোর সঙ্গে সংযুক্তকরণ এবং ডিজিটাল বাস্তবায়ন

জোরদার করে আয় সুরক্ষা বৃদ্ধি করা। মুখ্যমন্ত্রী বলেন, এই আইনের ফলে কর্মসংস্থান বৃদ্ধি, বেকার ভাতা বৃদ্ধি, সঠিক সময়ে মজুরি প্রদান করা যাবে। কর্মশালায় উপস্থিত ছিলেন প্রদেশ বিজেপি সভাপতি রাজীব ভট্টাচার্য, উচ্চশিক্ষামন্ত্রী কিশোর বর্মণ প্রমুখ।

\*\*\*\*\*

## **DONER Minister, North:**

ডোনার মন্ত্রী জ্যোতিরাদিত্য সিন্ধিয়া আজ ধর্মনগরের কদমতলার বড়গোল গ্রামে আশি কোটি টাকার আগর প্রক্রিয়াকরণ প্রকল্পের শিলান্যাস করেন। তিনি বলেন, এই এলাকায় আগর শিল্প একসময় দিশাহীন অসংগঠিত শিল্প ছিল। কিন্তু বর্তমানে সরকার একে সংগঠিত করার উদ্যোগ নিয়েছে। এখানকার আগরের শুধু দেশব্যাপী নয় বিশ্বব্যাপী বাণিজ্যিকরণের জন্য উদ্যোগ নেওয়া হবে বলে তিনি জানান।

শ্রী সিন্ধিয়া বলেন “ভোকাল ফর লোকাল ও ওয়ান ডিস্ট্রিক্ট ওয়ান প্রোডাক্ট”-এর বাস্তব উদাহরণ হল উত্তর ত্রিপুরা জেলার উত্তর ফুলবাড়ি ও বড়গোল এলাকা। কেন্দ্রীয় মন্ত্রী বলেন বর্তমানে দেশে প্রায় ১৫ কোটি আগর গাছের প্রায় ৯০ শতাংশ রয়েছে উত্তর-পূর্বাঞ্চলে। আগামী কয়েক বছরে ত্রিপুরায় আগর উৎপাদন ৫০ শতাংশ বৃদ্ধি পাবে। কেন্দ্রীয় মন্ত্রী আজ উত্তর ফুলবাড়ির একটি আগর শিল্প প্রতিষ্ঠান পরিদর্শন করেন। তিনি আগর বাগান ঘুরে দেখেন ও বড়গোলের নির্মায়মান আন্তর্জাতিক আগর মার্কেটও পরিদর্শন করেন। কেন্দ্রীয় মন্ত্রী আরও জানান, আগর রপ্তানির ক্ষেত্রেও বড়সড় ছাড় দেওয়া হয়েছে। আগর চিপস ও তেলের রপ্তানি কোটা বাড়ানো হয়েছে।

##### DoNER Minister Byte#####

অনুষ্ঠানে বনমন্ত্রী অনিমেষ দেববর্মা, শিল্প ও বাণিজ্যমন্ত্রী শান্তনা চাকমা, সমাজকল্যাণ এবং সমাজ শিক্ষা মন্ত্রী টিঙ্কু রায়, বিধায়ক যাদবলাল নাথ, উত্তর ত্রিপুরা জিলা পরিষদের সভাপতি অপর্ণা নাথ, উত্তর ত্রিপুরার জেলা শাসক চাঁন্দনী চন্দন সহ বিভিন্ন আধিকারিকেরা উপস্থিত ছিলেন।

\*\*\*\*\*

## **DoNER Minister- UNAKOTI:**

কেন্দ্রীয় পূর্বোত্তর উন্নয়ন ও যোগাযোগ দপ্তরের মন্ত্রী জ্যোতিরাদিত্য সিঙ্কিয়া আজ বিকেলে কৈলাশহরে অবস্থিত শৈবতীর্থ উনকোটি পর্যটনস্থল পরিদর্শন করেন।

তিনি প্রহ্লাভমি উনকোটি'র স্থাপত্য ও ভাস্কর্য ঘুরে ঘুরে দেখেন। এখনকার ইতিহাস কিংবদন্তি সম্পর্কে অবহিত হন। তাঁর সঙ্গে ছিলেন, রাজ্যের যুব বিষয়ক ও ক্রীড়া দপ্তরের মন্ত্রী টিংকু রায়, কারামন্ত্রী শান্তনা চাকমা, উত্তর-পূর্বাঞ্চল পর্যটনের সচিব সতিন্দর কুমার ভান্সা, যুগ্ম-সচিব অংশুমান দে সহ ভারতীয় প্রহ্লাতত্ত্ব বিভাগ, পর্যটন দপ্তরের পদস্থ আধিকারিকরা। কেন্দ্রীয় মন্ত্রী আজ উনকোটিতে পৌঁছলে তাঁকে স্বাগত জানান, জেলা শাসক ডক্টর তমাল মজুমদার, পুলিশ সুপার সুদাম্বিকা আর সহ পদস্থ আধিকারিকরা।

পরিদর্শন শেষে শ্রী সিঙ্কিয়া সাংবাদিকদের জানান, শৈবতীর্থ উনকোটি ভারতের প্রাচীন গৌরব ও বৈভবের অনন্য উদাহরণ। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী সবক্ষেত্রে উন্নতির সংকল্প নিয়েছেন, প্রহ্লাতাত্ত্বিক নিদর্শন শৈবতীর্থ উনকোটির বিকাশে আগামী দিনে কাজ করা হবে বলে জানান তিনি।

\*\*\*\*\*

## **SEAT -C.M:**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা বলেছেন, টিআইটি-কে একটি ইঞ্জিনিয়ারিং বিশ্ববিদ্যালয় হিসাবে গড়ে তোলার উদ্যোগ নিয়েছে রাজ্য সরকার। আজ দুপুরে আগরতলার নজরুল কলাক্ষেত্রে ত্রিপুরা স্টেট ইঞ্জিনিয়ারস এসোসিয়েশনের বার্ষিক সাধারণ সম্মেলনের উদ্বোধন করে তিনি একথা বলেন। মুখ্যমন্ত্রী বলেন, রাজ্যের সামগ্রিক উন্নয়নে ইঞ্জিনিয়ারদের গুরুত্বপূর্ণ ভূমিকা রয়েছে। আধুনিক বিশ্বে নতুন নতুন চ্যালেঞ্জ মোকাবিলায় রাজ্যের ইঞ্জিনিয়ারদেরও প্রস্তুত থাকার পরামর্শ দেন মুখ্যমন্ত্রী। বিশেষ অতিথি সাংসদ রাজীব ভট্টাচার্য নতুন ত্রিপুরা গড়ার লক্ষ্যে ইঞ্জিনিয়ারদের আরও বেশি দায়িত্ব নিয়ে এগিয়ে আসার আহ্বান জানান।

অনুষ্ঠানে বক্তব্য রাখেন পূর্ত সচিব কিরণ গিত্যে। স্বাগত ভাষণ দেন স্টেট ইঞ্জিনিয়ারস এসোসিয়েশন, ত্রিপুরার সাধারণ সম্পাদক সত্যব্রত দাস।

সংস্থার পক্ষ থেকে অনুষ্ঠানে মুখ্যমন্ত্রীর দ্রাণ তহবিলের জন্য ২ লক্ষ টাকার চেক দেওয়া হয়। এছাড়া সংস্থার পক্ষ থেকে ছয়জন দুঃস্থ দিব্যাঙ্কে ২০ হাজার টাকা করে আর্থিক সহায়তা প্রদান করা হয়।

\*\*\*\*\*

## **Republic day, DGP:**

রাজ্য পুলিশের মহানির্দেশক অনুরাগ আজ বলেছেন, প্রজাতন্ত্র দিবস উপলক্ষে রাজ্যজুড়ে ব্যাপক নিরাপত্তা ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। শ্রী অনুরাগের উপস্থিতিতে আজ আসাম রাইফেলস ময়দানে প্রজাতন্ত্র দিবস উপলক্ষে বিভিন্ন বাহিনীর কুচকাওয়াজের চূড়ান্ত মহড়া অনুষ্ঠিত হয়। শ্রী অনুরাগ সাংবাদিকদের বলেন, প্রজাতন্ত্র দিবস উপলক্ষে রাজ্যের সীমান্তে বিএসএফের সঙ্গে ত্রিপুরা পুলিশও টহল দিচ্ছে। রাজ্য পুলিশের সঙ্গে কেন্দ্রীয় আধা সামরিক বাহিনীর জওয়ানরা বিভিন্ন এলাকায় মোতায়েন করা হয়েছে। তিনি আরও জানান,

প্রজাতন্ত্ৰ দিবস উপলক্ষে এবছৰ আসাম ৱাইফেলস ময়দানে কুচকাওয়াজে মনিপুৰ পুলিচৰ এগুটি টিম অংশ নিচ্ছে। এদিকে ৱাজ্য পুলিচৰ এগুটি টিম নাগাল্যান্ডে কুচকাওয়াজে অংশ নিতে গেছে।

\*\*\*\*\*

## Update Akashvani :

এখবৰ শুনছেন, আকাশবাণী আগৰতলা কেন্দ্ৰ থেকে।

#####Sound Byte#####

আকাশবাণীৰ সংবাদেৰ আপডেট পেতে লগ ইন কৰুন – ডব্লিউ. ডব্লিউ. ডব্লিউ ডট নিউজ অন এ আই আৰ ডট কম এবং নিউজ অন এ-আই-আৰ অ্যাপ, এবং টুইটআৰ ও ফেসবুক প্লাটফৰ্মে-এ এ-আই-আৰ-নিউজ-এলার্টস-এ। ইউ-টিউব-এ লক্ষ্য কৰুন নিউজ-অন-এআইআৰ-অফিসিয়াল-এ।

এছাড়াও আকাশবাণী আগৰতলাৰ সংবাদ আপডেট পেতে দেখুন টুইটআৰ বা এক্স হান্ডেলে আকাশবাণী নিউজ আগৰতলা / ফেসবুকে এ-আই-আৰ নিউজ আগৰতলা এবং ইউ টিউবে আকাশবাণী নিউজ আগৰতলা।

\*\*\*\*\*

## PM, Rojgarmela:

প্ৰধানমন্ত্ৰী নৱেন্দ্ৰ মোদী বলেছেন যে সৰকাৰ দেশে এবং বিদেশে যুবকদের জন্য নতুন সুযোগ তৈরি করার চেষ্টা কৰছে। তিনি বলেন, ভাৰত বেশ কয়েকটি দেশেৰ সঙ্গে বাণিজ্য ও গতিশীলতা চুক্তি স্বাক্ষৰ কৰছে যা দেশেৰ দক্ষ যুবকদের জন্য সুযোগ উন্মুক্ত কৰে। আজ নতুনদিল্লি থেকে ভাৰ্চুয়াল ভাবে অষ্টাদশ জাতীয় ৰোজগাৰ মেলায় ভাষণ দেওয়ার সময় প্ৰধানমন্ত্ৰী একথা বলেন। দেশেৰ শক্তিশালী অৰ্থনীতিৰ কথা তুলে ধৰে প্ৰধানমন্ত্ৰী বলেন, এটি বিশ্বৰ একমাত্র অৰ্থনীতি যা এক দশকেৰ মধ্যে তাৰ জিডিপি দ্বিগুণ কৰেছে। তিনি বলেন, আজ

১০০ টিরও বেশি দেশ বিদেশী প্রত্যক্ষ বিনিয়োগ, এফডিআইএর মাধ্যমে ভারতে বিনিয়োগ করছে, যা ২০১৪ সালের আগের দশকের তুলনায় সরাসরি বিদেশী বিনিয়োগের প্রবাহ আড়াই গুণেরও বেশি বৃদ্ধি পেয়েছে। তিনি আরও বলেন যে, বিদেশী বিনিয়োগের এই উত্থান তরুণদের জন্য অসংখ্য কর্মসংস্থানের সুযোগ তৈরি করছে।

##### PM Byte #####

### **Rojgar Mela- State:**

কয়লা ও খনি প্রতিমন্ত্রী সতীশ চন্দ্র দুবে আজ আগরতলার শালবাগানে ত্রিপুরার সীমান্তরক্ষী বাহিনীর ফ্রন্টিয়ার সদর দপ্তরে আয়োজিত রোজগার মেলায় মোট ১৭৪ জন প্রার্থীর হাতে নিয়োগপত্র তুলে দেন। আজকের নিয়োগপ্রাপ্তদের মধ্যে ১৩৩ জন পুরুষ এবং ৪১ জন মহিলা। মন্ত্রী দেশের কন্যাশক্তির ভূয়সী প্রশংসা করে বলেন, প্রধানমন্ত্রী নারী ক্ষমতায়নে বিশেষ গুরুত্ব দিয়েছেন। তিনি নতুন চাকুরীপ্রাপ্তদের তাদের কাজকে দেশ সেবার একটি মাধ্যম হিসেবে গ্রহণ করার আহ্বান জানান। অনুষ্ঠানে বিএসএফ-এর আইজি অলোক কুমার চক্রবর্তী উপস্থিত ছিলেন।

\*\*\*\*\*

### **Maan Ki Baat:**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামীকাল সকাল ১১টায় আকাশবাণীর ‘মন-কি-বাত’ অনুষ্ঠানে দেশ-বিদেশের জনগনের সঙ্গে মতবিনিময় করবেন। এটি হবে ‘মন-কি-বাত’-এর ১৩০তম পর্ব। এই অনুষ্ঠানটি আকাশবাণী ও দূরদর্শনের সমস্ত নেটওয়ার্ক, আকাশবাণী সংবাদ ওয়েবসাইট [www.newsonair.com](http://www.newsonair.com) ও newsonair mobile app-এ শোনা যাবে। অনুষ্ঠানটি আকাশবাণী, ডিডি নিউজ, প্রধানমন্ত্রীর দপ্তর তথ্য তথ্য ও সম্প্রচার মন্ত্রকের ইউ টিউব চ্যানেলেও

শুনতে পাওয়া যাবে। অনুষ্ঠানের অব্যবহিত পরেই এর আঞ্চলিক ভাষার অনুবাদ শোনা যাবে। এই আঞ্চলিক ভাষার অনুষ্ঠানটি রাত ৮টায় পুনঃ প্রচার করা হবে।

\*\*\*\*\*

### **National Girl child day:**

আজ দেশজুড়ে জাতীয় কন্যা শিশু দিবস পালিত হচ্ছে, যা মেয়েদের অধিকার, শিক্ষা, স্বাস্থ্য, পুষ্টি এবং কল্যাণের উপর আলোকপাত করে। লিঙ্গ বৈষম্য সম্পর্কে সচেতনতা বৃদ্ধি, সমান সুযোগের প্রচার এবং মেয়েরা যাতে ক্ষমতায়িত নাগরিক হিসেবে উন্নতি করতে পারে, এমন একটি পরিবেশ গড়ে তোলার লক্ষ্যে দিনটি পালিত হয়। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী কর্তৃক ২০১৫ সালের ২২শে জানুয়ারী চালু করা "বেটি বাঁচাও, বেটি পড়াও" প্রকল্পের বার্ষিকী সম্প্রতি দেশে পালিত হয়েছে। এই যুগান্তকারী উদ্যোগের লক্ষ্য কন্যাদ্রুণ হত্যা, বাল্যবিবাহ এবং লিঙ্গ বৈষম্যের মতো গুরুত্বপূর্ণ বিষয়গুলি মোকাবেলা করা, একই সঙ্গে মেয়েদের শিক্ষা, স্বাস্থ্য এবং সুরক্ষা প্রচার করা। নারী ও শিশু উন্নয়ন মন্ত্রকের উদ্যোগে, ২০০৮ সালে ভারতে প্রথম জাতীয় কন্যা শিশু দিবস পালিত হয়।

\*\*\*\*\*

### **CM, Modern Club:**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা. মানিক সাহা আজ আগরতলার শহর দক্ষিণাঞ্চলের মডার্ন ক্লাবের নবনির্মিত ক্লাব ঘরের আনুষ্ঠানিক উদ্বোধন করেন। একই সঙ্গে তিনি ক্লাবের নতুন পাঠাগার ও জিমের উদ্বোধন করেন। অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী তাঁর বক্তব্যে রাজ্যের ক্লাবগুলির সমাজসেবা মূলক কাজের প্রশংসা করেন। তিনি সবাইকে রক্তদানে এগিয়ে আসার আহ্বান জানান। অনুষ্ঠানে আগরতলা

পূর নিগমের কর্পোরেটার অভিজিৎ মল্লিক, শম্পা সরকার চৌধুরী ও অলক  
রায় প্রমুখ উপস্থিত ছিলেন।

\*\*\*\*\*

### **Ratan lal Nath:**

বিদ্যুৎ মন্ত্রী রতনলাল নাথ আজ পশ্চিম জেলার লেফুঙ্গায় সিনড ফাউন্ডেশন  
স্কুলের রজতজয়ন্তী অনুষ্ঠানে বলেন, দুর্নীতিমুক্ত সমাজ গড়ে তুলতে হলে  
মানসম্মত শিক্ষার কোনও বিকল্প নেই। তিনি বলেন, সিনড ফাউন্ডেশন স্কুল গত  
২৫ বছরে শুধু শিক্ষা প্রদানের পাশাপাশি ঐক্য, অন্তর্ভুক্তি ও সামাজিক সম্প্রীতিও  
গড়ে তুলেছে, যা আমাদের বৈচিত্র্যময় সংস্কৃতিকে আরও সমৃদ্ধ করেছে।  
অনুষ্ঠানে এডিসির নির্বাহী সদস্য রুনিয়েল দেববর্মা, লেফুঙ্গা ব্লকের বিএসি  
চেয়ারম্যান রনবীর দেববর্মা প্রমুখ উপস্থিত ছিলেন।

\*\*\*\*\*

### **Karpuri Thakur:**

আগরতলার প্রদেশ কংগ্রেস কার্যালয় প্রাঙ্গণে আজ ত্রিপুরা প্রদেশ কংগ্রেসের ও  
বিসি সেলের উদ্যোগে কপূরি ঠাকুরের জন্মদিন পালন। উপস্থিত ছিলেন প্রদেশ  
কংগ্রেস সভাপতি আশিস কুমার সাহা সহ অন্যান্য কার্যকর্তারা। কপূরি ঠাকুরের  
প্রতিকৃতিতে পুষ্পার্ঘ্য অর্পণ করে শ্রী সাহা বলেন কপূরি ঠাকুর সমাজের সর্বনিম্ন  
স্তরের মানুষের ক্ষমতায়নের পক্ষে ছিলেন এবং উপেক্ষিত সম্প্রদায়গুলিকে  
প্রতিনিধিত্ব প্রদান করেছিলেন।

\*\*\*\*\*

### **Ranji Trophy:**

রঞ্জি ট্রফির চারদিনের খেলায় সফরকারী উত্তরাখন্ডের বিরুদ্ধে ত্রিপুরা সরাসরি  
পরাজয় এড়াতে লড়াই করছে। এম বি বি স্টেডিয়ামে প্রথম ইনিংসে ৩৫ রানে



পিছিয়ে থেকে রাজ্যেদল দ্বিতীয় ইনিংসে আজ তৃতীয় দিনের শেষে ৮ উইকেট হারিয়ে ২৪৭ রান করে। দলের পক্ষে সেন্টু সরকার অপরাজিত ৫০ ও বিক্রম দেবনাথ ৪৮ রান করেন। এর আগে উত্তরাখণ্ড দিনের শুরুতে খেলতে নেমে সবকটি উইকেট হারিয়ে দ্বিতীয় ইনিংসে ৩০১ রান করে। রাজ্যদলের অধিনায়ক মণিশঙ্কর মুরাসিং ৪৮ রানে ৬টি উইকেট পান। ম্যাচে রাজ্যদল প্রথম ইনিংসে ২৬৬ রানে করেছিল। আগামীকাল খেলার শেষ দিন।

\*\*\*\*\*

## Weather:

আগামীকাল আকাশ আংশিক মেঘাচ্ছন্ন থাকবে। সকালে হালকা কুয়াশা পড়ার সম্ভাবনা রয়েছে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ২৮.১ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ১১.৫ ডিগ্রি সেলসিয়াস। আগামীকাল দিনের সর্বোচ্চ তাপমাত্রা ২৯ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ১২ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকতে পারে।

\*\*\*\*\*

\*\*\*\*\*